



এনজিও পোর্টাল, সিলেট

www.ngosylhet.com

ওয়েবসাইট ব্যবহার নির্দেশিকা


প্রযুক্তিগত সহায়তায়

➤RootSoft IT_

www.rootsoftit.com

১। এনজিও পোর্টাল, সিলেট ওয়েবসাইট পরিচিতি

সিলেট জেলার অন্তর্গত এনজিও সমূহের কার্যক্রমকে আধুনিক, যুগপোষ্যোগী তথা এর সেবাসমূহকে জনসাধারণের জন্য সহজলভ্য করার লক্ষ্যে সিলেট জেলা প্রশাসনের উদ্যোগে এনজিও পোর্টাল, সিলেট www.ngosylhet.com ওয়েবসাইটটি সাজানো হয়েছে নতুন আঙ্গিকে। এই পোর্টাল এর মাধ্যমে এনজিও প্রতিষ্ঠান সমূহের সকল তথ্য সমন্বিতভাবে সাজানোর চেষ্টা করা হয়েছে। ওয়েবসাইটটির বিভিন্ন দিক নিম্নে তুলে ধরা হলো:



প্রথম পাতা: প্রতিটি এনজিও ওয়েবসাইটের প্রথম পাতায় আমরা উক্ত এনজিও সম্পর্কে একটি সম্পূর্ণ ধারণা পেতে পারি। এখানে উপরে রয়েছে লোগো, ভাষা পরিবর্তনের অপশন, সার্চ বক্স, মেইন মেনু, সর্বশেষ খবর এর প্যানেল, তার ঠিক নিচে রয়েছে - ব্যানার ইমেজ, নোটিশ সেকশন, নিচে রয়েছে এনজিও পরিচিতি এবং ফুটার।

২। এনজিও পোর্টাল, সিলেট ওয়েবসাইট এডমিন প্যানেল পরিচিতি

এনজিও পোর্টাল, সিলেট ওয়েবসাইটটি সঠিকভাবে পরিচালনা করতে ও সকল তথ্য হালনাগাদ করতে রয়েছে একটি এডমিন প্যানেল। এই এডমিন প্যানেলে লগইন করে প্রতিটি এনজিও সমূহ তাদের নিজ নিজ তথ্য/কনটেন্ট নিয়মিত হালনাগাদ করতে পারবেন। এখানে এডমিন প্যানেলে থেকে একটি ডেমো এনজিও সাইটের তথ্য হালনাগাদ করার প্রক্রিয়া তুলে ধরা হচ্ছে। এডমিন প্যানেলে প্রবেশ করতে নিচের লিঙ্কটি ওয়েব ব্রাউজারে টাইপ করুন:

demo.ngosylhet.com/admin

এরপর একটি লগইন পেজ আসবে। পেজটিতে Username ফিল্ডে আপনার পূর্বে প্রদত্ত Username টাইপ করুন। Password ফিল্ডে প্রদত্ত পাসওয়ার্ড টাইপ করে লগইন বাটন এ ক্লিক করুন অথবা কীবোর্ড এর এন্টার বাটন চাপুন।

আপনি চাইলে প্রথম পাতা থেকেও লগইন করতে পারেন, যেমন এনজিও সাইটের প্রথম পাতায় একটি লগইন ফর্ম দেখতে পাবেন, চাইলে সেখান থেকেও এডমিন লগইন করতে পারেন।

লগইন এর পর এডমিন প্যানেল Admin Panel পেজটি আসবে। পেজটির বাম দিকে বিভিন্ন মেনুতে ক্লিক করে মূল ওয়েবসাইটের তথ্য/ কনটেন্ট হালনাগাদ করা যাবে।

- নোটিশ বোর্ড / সর্বশেষ সংবাদ তথ্য সম্পাদনা

এডমিন প্যানেল এর বাম দিকের Posts বাটনে ক্লিক করে আপনি নোটিশ বোর্ড / সর্বশেষ সংবাদ এখান থেকে পোস্ট করতে পারবেন। এই বাটনে ক্লিক করে Add new post এ ক্লিক করে Notice Category সিলেক্ট করে পাবলিশ করলে সেই নোটিশ বা সর্বশেষ সংবাদ প্রথম পাতায় চলে আসবে।

- যে কোনো পেইজ এর তথ্য পরিবর্তন

এনজিও পোর্টালের যেকোনো পেইজ এর তথ্য পরিবর্তন করতে এডমিন প্যানেলে লগইন অবস্থায় থাকাকালে দেখতে পাবেন যে প্রত্যেক টি পেইজ এর উপরে একটি কালো বার দেখা যাচ্ছে, যেখান থেকে আপনি উক্ত পেইজ টি এডিট করতে পারবেন, সেক্ষেত্রে অবশ্যই আপনাকে লগইন থাকা অবস্থায় পেইজ টি রিফ্রেশ দিলে ঐ বার টি আসবে, লগইন না থেকে থাকলে ঐ বার টি আপনি আর দেখতে পারবেন না।

ঐ কালো বারটির উপরে একটি বাটন দেখতে পাবেন “Edit Page” নামে। ঐ বাটনে ক্লিক করলে আপনি সরাসরি ঐ পেইজ এর এডিট অপশনে যেতে পারবেন এবং ছবি ও তথ্য দিতে পারবেন।

- সাধারণ তথ্য পরিবর্তন

ওয়েবসাইটটির সাধারণ তথ্য যেমন লোগো, এনজিও নাম (বাংলা/English), ব্যানার ছবি, সোশ্যাল মিডিয়া লিঙ্ক ইত্যাদি পরিবর্তন করতে এডমিন প্যানেল এর বাম দিকের Appearance > Theme Options মেনুতে যেতে হবে। এখানে আপনি লোগো, ব্যানার ছবি, সোশ্যাল মিডিয়া লিঙ্ক ইত্যাদি পরিবর্তন করা যাবে।

লোগো ইমেজ সাইজঃ Width: 90px Height: 90px

ব্যানার ইমেজ সাইজঃ Width: 600px, Height: 275px

লক্ষ রাখতে হবে, প্রতিবার কাজ শেষে অবশ্যই পাবলিশ অথবা সেভ বাটনে ক্লিক করতে হবে।

- কর্মকর্তা তালিকা

কর্মকর্তা তালিকা পরিবর্তন করতে এডমিন প্যানেল এর বাম দিকের Employee > All Employee মেনুতে যেতে হবে।

- খবর

এনজিও ওয়েবসাইটের উপরের মেইন মেনুতে এনজিও এর সকল খবর ওয়েবসাইটে প্রকাশ করতে এডমিন প্যানেল বাম দিকের News > All News মেনুতে যেতে হবে।

- ফটোগ্যালারিতে ছবি পরিবর্তন

এনজিও ওয়েবসাইটের উপরের মেইন মেনুতে যে ফটোগ্যালারি রয়েছে এতে এনজিও কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন ছবি আপলোড করা যেতে পারে। ফটোগ্যালারি ছবি আপলোড করতে এডমিন প্যানেল বাম দিকের Photo Gallery > All Photos মেনুতে যেতে হবে।

এরপর একটি তালিকা আসবে, এ তালিকা হতে পুনরায় Photo Gallery নির্বাচন করে গ্যালারি ছবি গুলো আপলোড করা যাবে।

- বাংলা থেকে ইংলিশ ভাষন পরিবর্তন

কোনো পেজ বা পোস্ট কে বাংলা থেকে ইংলিশ এ রূপান্তর করা খুব সহজ। এডমিন প্যানেলে বাংলা বা ইংলিশ ভাষনে কোনো পেজ বা পোস্ট তৈরি করার সময় যে এডিটরটি আছে, তার ডানদিকের Language বক্স থেকে Translate + প্লাস বাটনে ক্লিক করে English বা বাংলা পোস্ট/পেজ তৈরি করা যেতে পারে। তবে বাংলা বা English পোস্ট/পেজ তৈরির আগে দেখতে হবে যে এডমিন কোন ভাষনে কাজ করছেন, সেটা লগইন অবস্থায় উপরের টপ বার এ দেখা যাবে।

প্রতিবার কাজ শেষে অবশ্যই এডমিন প্যানেল থেকে লগআউট করতে হবে। লগআউট করতে হলে এডমিন প্যানেলের উপরে ডান দিকে কোনায় মাউস কারসরটি নিয়ে Log out বাটনে ক্লিক করুন।

প্রয়োজনে যোগাযোগ করুনঃ

ই-মেইল : info@rootsoftit.com

মোবাইল : 01717023978, 01552425795

প্রকল্প বাস্তবায়নে

>RootSoft IT_

www.rootsoftit.com